

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
এফ-১/এ, আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: ক্লাসিফিকেশন এ্যান্ড এ্যাডভান্স রুলিং শাখা]

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৮/ ১০৬

তারিখ: ২১ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

কাস্টমস রুলিং (অগ্রিম) নং- ৪২/২০২৩

বিষয়ঃ আমদানিতব্য “Printed Circuit Board (PCB)” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ক অগ্রিম রুলিং।

সূত্রঃ Meter D Tech এর ৩০/০৩/২০২৩ খ্রিঃ তারিখের দাখিলকৃত আবেদন।

Meter D Tech নামক প্রতিষ্ঠান “Printed Circuit Board (PCB)” নামক পণ্যের শ্রেণীবিন্যাস বিষয়ে অগ্রিম রুলিং চেয়ে জাতীয় রাজস্ব বোর্ডের অগ্রিম রুলিং ইউনিট বরাবর নির্ধারিত ফরম-এ আবেদন করেছেন।

(ক) আবেদনকারীর পরিচিতি:

আবেদনকারীর নাম	Meter D Tech
আবেদনকারীর ঠিকানা	124 Kewdhala, Modanpur, Bandar, Narayanganj.

(খ) রুলিং সংশ্লিষ্ট পণ্যের বিবরণ:

পণ্যের জেনেরিক, বাণিজ্যিক এবং প্রচলিত নাম	Printed Circuit Board (PCB)
যে ভৌত অবস্থায় (Form) প্রকৃতিতে আমদানি করা হবে	Solid
উৎস দেশ (কান্ট্রি অব অরিজিন)	China
আমদানিকারক কর্তৃক প্রস্তাবিত শ্রেণীবিন্যাস	9028.90.10

২। আবেদনকারীর ঘোষণা অনুযায়ী আমদানীয় পণ্যের বিবরণ:

As Parts of Single Phase Electronic Meter এ ব্যবহারের জন্য Printed Circuit Board (PCB) নামক পণ্যটি Solid প্রকৃতিতে আমদানি করা হবে।

৩। বর্ণিত পণ্যের সঠিক শ্রেণীবিন্যাস এবং শ্রেণীবিন্যাসের পক্ষে যুক্তিঃ

আমদানিকারক Meter D Tech কর্তৃক ‘Printed Circuit Board (PCB)’ নামীয় পণ্যের অগ্রিম রুলিং এর জন্য আবেদন দাখিল করা হয়েছে। আমদানিকারক চাহিত এইচ এস কোড 9028.90.10. Bangladesh Customs Tariff (BCT) 2023-24 পর্যালোচনায় দেখা যায়, এইচ এস কোড 9028.90.10 এ শ্রেণীবিন্যাসযোগ্য পণ্যসমূহ হচ্ছে Parts and accessories of kilowatt-hour meter. দাখিলকৃত আবেদন এবং এর সাথে সরবরাহকৃত নমুনা বিশ্লেষণে দেখা যায়, ঘোষণা অনুযায়ী পণ্যটি Printed Circuit Board (PCB) নয় বরং PCB এর সাথে CPU, battery, capacitor, resistor, LED, Transient suppression diode ইত্যাদি সংযুক্ত আছে বিধায় পণ্যটি একটি Loaded PCB. Loaded PCB মূলত কোন পণ্যের parts হিসেবে অথবা essential character ধারণ করলে পূর্ণাঙ্গ পণ্যের এইচ এস কোডে শ্রেণিবিন্যাসিত হতে পারে। এক্ষেত্রে আলোচ্য পণ্যটিতে বিদ্যুত সংযোগ স্থাপন করলে তাতে Electricity Meter এর ন্যায় Reading পাওয়া যাবে কি না তা এ পরিসরে যাচাই করা সম্ভব নয়। এছাড়া কোন পণ্য পূর্ণাঙ্গ পণ্যের essential character ধারণ করে কি না তা কেবল পূর্ণাঙ্গ পণ্যের বিপরীতে যাচাই করে নিশ্চিত করা যাবে। এরূপ যাচাই বাছাই প্রক্রিয়া অগ্রিম রুলিং এর আওতা বহির্ভূত। এমতাবস্থায়, সার্বিক বিবেচনায় আমদানিতব্য ‘Printed Circuit Board (PCB)’ নামীয় পণ্যের অগ্রিম রুলিং প্রদান করা সম্ভব হচ্ছে না। কাস্টমস রুলিং (অগ্রিম) বিধিমালা, ২০১৬ এর বিধি ৯ মোতাবেক এই অগ্রিম রুলিং জারী করা হলো।

৪। অগ্রিম রুলিং এর কার্যকারিতা:

এই অগ্রিম রুলিং জারী হওয়ার তারিখ হতে ১৮ (আঠার) মাস পর্যন্ত কার্যকর থাকবে।

৫। আবেদনকারীর জন্য গুরুত্বপূর্ণ তথ্য:

(ক) এই অগ্রিম রুলিং এর কার্যকারিতা থাকাকালীন তৎকর্তৃক আমদানিতব্য পণ্যের জন্য বাংলাদেশের সকল কাস্টমস স্টেশনে ব্যবহার করতে পারবে।

(খ) এই অগ্রিম রুলিং এ সংশ্লিষ্ট হলে রুলিং প্রাপ্তির তারিখ হতে ৬০ (ষাট) কার্যদিবসের মধ্যে তা রিভিউ এর জন্য অগ্রিম রুলিং ইউনিট বরাবরে লিখিতভাবে আবেদন করতে পারবে। রিভিউ আবেদনে উক্তরূপ আবেদনের যৌক্তিকতা সবিস্তারে উল্লেখ করতে হবে।

স্বাক্ষরিত/-২১.০৮.২০২৩

(মোঃ মাসুদ সাদিক)

সদস্য (গ্রেড-১) (কাস্টমস: নীতি ও আইসিটি)

ও

সভাপতি, অগ্রিম রুলিং ইউনিট

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

কমিশনার অব কাস্টমস

কাস্টম হাউস, চট্টগ্রাম/ ঢাকা/ বেনাপোল/ আইসিডি (কমলাপুর)/ মোংলা/ পানগাঁও।

নথি নং-০৮.০১.০০০০.০৫৪.১১.০০৪.১৮/ ২০৬

তারিখ: ২১ আগস্ট, ২০২৩ খ্রিঃ।

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১-১৬। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ (দক্ষিণ)/ (পূর্ব) / (পশ্চিম)/ চট্টগ্রাম/ রাজশাহী/ সিলেট/ কুমিল্লা/ খুলনা/ যশোর/ রংপুর/ বৃহৎ করদাতা ইউনিট (মুসক)/ (আপীল) ঢাকা-১/ (আপীল) ঢাকা-২/ (আপীল) চট্টগ্রাম/ (আপীল) খুলনা।

১৭-২০। মহাপরিচালক, কাস্টমস গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ঢাকা/ শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, ঢাকা/ নিরীক্ষা, গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, মূল্য সংযোজন কর, ঢাকা/ কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট ট্রেনিং একাডেমি, চট্টগ্রাম।

২১-২২। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ চট্টগ্রাম।


২৩। কমিশনার, কাস্টমস মূল্যায়ন ও অভ্যন্তরীণ নিরীক্ষা কমিশনারেট, ঢাকা।

২৪। প্রথম সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৫। দ্বিতীয় সচিব (কাস্টমস নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

২৬। ব্যবস্থাপনা পরিচালক, Meter D Tech, 124 Kewdhala, Modanpur, Bandar, Narayanganj.

২৭। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব-সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)


(মুকিতুল হাসান) ২১/০৮/২৩

দ্বিতীয় সচিব

কাস্টমস: ক্লাসিফিকেশন এন্ড এ্যাডভান্স রুলিং

ও

সদস্য সচিব, অগ্রিম রুলিং ইউনিট

ই-মেইল: nbrclassification@gmail.com